

## আজ শুরু হচ্ছে ৩ দিনের হজ ও ওমরাহ মেলা

- A Monitor Desk Report

Date: 14 August, 2025



**ঢাকাঃ রাজধানী বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আজ শুরু হচ্ছে ৩ দিনব্যাপী হজ ও ওমরাহ মেলা।**

আজ বৃহস্পতিবার (১৪ আগস্ট) সকালে এই মেলার উদ্বোধন করবেন ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। ধর্ম মন্ত্রণালয় ও হজ এজেন্সি সূত্রে এই তথ্য জানা গেছে।

হজ এজেন্সি অব বাংলাদেশ-হাবের মহাসচিব ফরিদ আহমেদ মজুমদার বলেন, বৃহস্পতিবার সকালে হজ ও ওমরাহ মেলা উদ্বোধন হবে। চলবে আগামী শনিবার (১৬ আগস্ট) সন্ধ্যা পর্যন্ত।

তিনি জানান, মেলায় হজ এজেন্সি, তিন-চারটি উড়োজাহাজ কোম্পানি, ছয়-সাতটি ব্যাংক ও আইটি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। মেলাটিতে সব মিলে ১৫৪টি স্টল থাকবে। হজ ও ওমরাহ পালনে মানুষকে উদ্বুদ্ধ করতে এই মেলার আয়োজন করা হয়েছে।

মেলাটির মাধ্যমে বিভিন্ন হজ এজেন্সির প্যাকেজ যাচাই-বাছাই করে মধ্যস্বত্বভোগীদের প্রভাব ছাড়াই সরাসরি হজ এজেন্সির সঙ্গে চুক্তিবদ্ধ হওয়ার সুযোগ পাবেন গ্রাহকরা। সেই সঙ্গে প্যাকেজে মিলবে ৫ থেকে ২০ হাজার টাকা পর্যন্ত ছাড়।

হাব জানায়, দেশের হজযাত্রীদের অধিকাংশই গ্রামীণ এলাকায় বাস করেন। বেশির ভাগ হজ ও ওমরাহ এজেন্সির কার্যক্রম ঢাকাকেন্দ্রিক হলেও এই মেলার মাধ্যমে দেশের সব হজ এজেন্সি ও হজযাত্রীদের মধ্যে পরিচিতি এবং যোগাযোগের সুযোগ তৈরি হবে।

হাব আরও জানায়, ২০২৬ সালের হজ রোডম্যাপ অনুযায়ী- বাধ্যতামূলক ক্যাটারিং সার্ভিস, মুয়াল্লিমের মাধ্যমে বাড়ি ভাড়ার নিয়ম কার্যকর হলে হাজিদের কষ্ট ও ব্যয় বাড়ার শঙ্কা রয়েছে। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে ধর্ম মন্ত্রণালয়কে বলা হয়েছে। মন্ত্রণালয় সৌদি আরবকে চিঠি দিয়েছে। এখন জবাবের অপেক্ষায়।

